# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 19 May, 2025

বিএনপির কেন্দ্রীয় সহ সাংগঠনিক সম্পাদক ব্যারিস্টার মীর হেলাল বলেন, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান রাষ্ট্র পুনর্গঠনে যে ৩১ দফা রাষ্ট্র সংস্কার প্রস্তাব দিয়েছেন তা বাস্তবায়িত হলে সব ধর্মের সমান অধিকার ও মর্যাদা নিশ্চিত হবে।

জাতীয়তাবাদের প্রধান দুটি রূপ হলো জাতিগত জাতীয়তাবাদ ও নাগরিক জাতীয়তাবাদ।জাতি হিসেবে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান দেশের সকল ধর্ম, বর্ণ ও পেশার মানুষকে বাংলাদেশী জাতীয়তাবাদী চেতনায় ঐক্যবদ্ধ করেছেন।তাই নাগরিক হিসেবে সকলের মর্যাদা সমান।দেশে ভিনদেশী মতাদর্শ প্রতিষ্ঠা করতে বিভিন্ন দল জাতিকে বিভ্রান্তিকর পরিস্থিতিতে ফেলছে।যা তাদের দেশপ্রেমের চেতনায় প্রশ্নবিদ্ধ করে।

সোমবার (১৯ মে) দুপুর ১২টায় চট্টগ্রাম নন্দনকাননস্থ প্রাচীন তীর্থ শ্রী শ্রী তুলসীধাম আশ্রমে শ্রীমৎ স্বামী অদ্বৈতানন্দ পুরী মহারাজ এর ১২২তম আবির্ভাব উৎসব উপলক্ষে তুলসীধামের মোহন্ত মহারাজ শ্রীমৎ দেবদীপ মিত্র চৌধুরী পুরী মহারাজ এর পৌরহিত্যে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে তিনি এসব কথা বলেন।

মীর হেলাল আরো বলেন, নির্বাচন বানচাল করতে কিছু কুচক্রী মহল দেশী বিদেশী ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে।যারা গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠায় বাধা দিচ্ছে তারা জনগণের ক্ষমতা চায় না।তারা বারবার বিদেশী তাঁবেদারি ও অগণতান্ত্রিক শক্তির পক্ষ হিসেবে চিহ্নিত হয়েছে।

এসময় আরো উপস্থিত ছিলেন, চট্টগ্রাম উত্তর জেলা বিএনপির যুগ্ম আহবায়ক নুর মোহাম্মদ, দক্ষিণ জেলা বিএনপির সদস্য রাজিব জাফর চৌধুরী, আমিনুল ইসলাম, উত্তর জেলা জাসাসের সভাপতি সাইফুল ইসলাম টুটুল, মহানগর ছাত্রদলের সদস্য সচিব শরিফুল ইসলাম তুহিন, মহানগর যুবদলের সাবেক সিনিয়র সহ-সভাপতি ইকবাল হোসেন, মহানগর যুবদল নেতা মোঃ রাজু, তুলসীধাম পরিচালনা পরিষদের সা:সম্পাদক স্থপতি প্রণত মিত্র চৌধুরী,অদ্বৈত-অচ্যুত মিশন এর সাধারণ সম্পাদক হিরন্ময় ধর, খুলশী থানা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক রায়হান আলম, দিপক বণিক, ডা:মনোজ চৌধুরী,বিধান ধর,চন্দ্রনাথ পাল, এড.সুজন কান্তি দে, সুজিত হাজারী, রিমেন চৌধুরী, প্রদর্শন দেবনাথ, রিমেন চৌধুরী, এড.মধুসূদন দাশ, ডা:অপূব ধর, ডা:বিবরণ দাশ, শ্যামল সুশীল, সুলাল ধরসহ প্রমুখ।

বিএনপি তারেক রহমান

© 2025 TimesToday. All Rights Reserved.

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758072681